**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:12-08-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Vote-Counting :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের ভোট গণনা আজ সকাল আটটা থেকে শুরু হবে। রাজ্যের পয়ত্রিশটি ব্লকে ভোট গণনা হবে বলে জানান নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী। তিনি আরো জানান, একমাত্র কুমারখাট ব্লকে দুটি কাউন্টিং হল খোলা হয়েছে।

তিনি জানান, ভোট গণনা কেন্দ্রগুলিতে বিশেষ নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। গণনা কেন্দ্রের বাইরে সিআরপিএফ এবং গণনা কেন্দ্রগুলির ভেতরে টিএসআর ও পুলিশ মোতায়েন করা হয়েছে বলেও তিনি জানান। শ্রী চৌধুরী জানান, দু একটি ব্লকে প্রয়োজনীয় স্থান সংকুলান না হওয়ায় ব্লকের কাছাকাছি স্কুলে গণনা কেন্দ্রের ব্যবস্থা করা হয়েছে।

এদিকে, রাজ্য নির্বাচন কমিশনের সচিব অসিত কুমার দাস জানিয়েছেন, এন আই সি-র সহযোগিতায় এই প্রথম ভোটের ফলাফল ওয়েব সাইটের মাধ্যমে জানার ব্যবস্থা করা হয়েছে। তিনি জানান, sec-results. tripura. gov .in এই ওয়েব সাইটে ফলাফল জানা যাবে।

****************************

**Har ghar Tiranga :**

হর ঘর তিরঙ্গা কর্মসূচিকে সামনে রেখে আজ রাজ্য সরকারের যুব কল্যাণ ক্রীড়া দপ্তরের উদ্যোগে আগরতলা শহরে এক রেলির আয়োজন করা হয়। রাজধানীর উমাকান্ত স্কুল প্রাঙ্গন থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমণ করে। র‍্যালিতে উপস্থিত ছিলেন দপ্তরের সচিব ডক্টর প্রদীপ কুমার চক্রবর্তী সহ দপ্তরের আধিকারিকদের। জাতীয় সেবা প্রকল্পের ভলেন্টিয়ার্সরাও এই রেলিতে অংশ নেন।

************************

**Felicitation Techno India University :**

গোমতী জেলার চন্দ্রপুরে একটি ওপেন ইউনিভার্সিটি স্থাপনের অনুমোদন দিয়েছে রাজ্য সরকার। খুব শীঘ্রই এর কাজ শুরু হবে। অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গতকাল উদয়পুরে টেক্নো ইন্ডিয়া ইউনিভার্সিটি ত্রিপুরা আয়োজিত এক অনুষ্ঠানে একথা বলেন। অর্থমন্ত্রী বলেন, রাজ্য সরকার শিক্ষার মান উন্নয়নে বিভিন্ন উদ্যোগ নিয়েছে। উদয়পুরে রাজর্ষি হলে আয়োজিত এই অনুষ্ঠানে গোমতি জেলার ৫০টি স্কুলের মেধাবী ছাত্রছাত্রীদের সংবর্ধনা জানানো হয়। এছাড়া জেলার দ্বাদশ স্কুলের প্রধান শিক্ষকদেরও সংবর্ধনা জ্ঞাপন করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, টেক্নো ইন্ডিয়া ইউনিভার্সিটির ভাইস প্রিন্সিপাল রতন চন্দ্র সাহা প্রমুখ।

*************************

**R.K Mahavidyalaya :**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় এর উপস্থিতিতে গতকাল কৈলাশহর রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের প্লাটিনাম জুবেলি বর্ষ পালনের জন্য কলেজের কনফারেন্স হলে প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়।

আগামী পয়লা সেপ্টেম্বর রামকৃষ্ণ মহাবিদ্যালয় ৭৫ বছরের পদার্পণ করবে। এই উপলক্ষে বর্ষব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা হবে। পয়লা সেপ্টেম্বর বর্ষব্যাপী ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে প্লাটিনাম জুবেলি বর্ষ উদযাপনের সূচনা হবে। এতে উপস্থিত থাকার জন্য কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান, রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা'কে আমন্ত্রণ জানানো হবে। বৈঠক শেষে মন্ত্রী টিংকু রায় জানান, কলেজের প্লাটিনাম জুবেলি বর্ষ নানা কর্মসূচির মধ্য দিয়ে উদযাপন করার জন্য উপদেষ্টা কমিটি, পরিচালন কমিটি সহ বিভিন্ন উপ-কমিটি গঠন করা হয়েছে।

***********************

**CM-Assam Riflles brigadier meet :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার সঙ্গে গতকাল তাঁর সরকারি বাসভবনে গিয়ে সাক্ষাৎ করেন আসাম রাইফেলসের মেজর জেনারেল সুরেশ কুমার ভাম্‌ভু ও ব্রিগেডিয়ার মনিশ রানা। আসাম রাইফেলস-এর পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে, মুখ্যমন্ত্রীর সঙ্গে সীমান্তের ওপারের পরিস্থিতি সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে।

******************************

**Indian Agricultural Research Unit/PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নতুন দিল্লীর ইন্ডিয়ান এগ্রিকালচারাল রিসার্চ ইন্সটিটিউটে ১০৯ টি ফসলের উচ্চফলনশীল, জলবায়ু সহায়ক এবং জৈব সুরক্ষিত প্রজাতির বীজ কৃষকদের জন্য উন্মুক্ত করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বিজ্ঞানী এবং কৃষক-বন্ধুদের সঙ্গে মতবিনিময় করেন। নতুন ধরনের উচ্চফলনশীল বীজের গুরুত্ব বোঝাতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, কৃষিক্ষেত্রে এক যুগান্তকারী পর্বের সূচনা হলো।

*******************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল ফিজি, নিউজিল্যান্ড এবং তিমূর লেস্টার সফর শেষে নয়াদিল্লিতে ফিরে এসেছেন। উল্লেখ্য, রাষ্ট্রপতির সফরকালে এই দেশগুলির সাথে নানা বিষয়ে দ্বিপাক্ষিক আলোচনা ও মৌ স্বাক্ষরিত হয়েছে।

***************************

**Blind Association:**

অল ত্রিপুরা ব্লাইন্ড এসোসিয়েশনের কেন্দ্রীয় কমিটির বর্ধিত সভা গতকাল আগরতলার নরসিংগড়ে অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত হয়, আগামী দশই নভেম্বর সংগঠনের চতুর্দশ ত্রিবার্ষিক রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হবে। রাজ্যের দৃষ্টিহীনদের বিভিন্ন সমস্যা নিয়েও সভায় বিস্তারিত আলোচনা হয়। বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের অধিকার আইন ২০১৬ রাজ্যে যথাযথভাবে কার্যকর করার জন্য এসোসিয়েশনের পক্ষ থেকে রাজ্য সরকারের কাছে দাবি জানানো হয়েছে।

***************************

**Banladesh :**

বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান মহম্মদ ইউনুস সে দেশে সংখ্যালঘু সম্প্রদায়ের উপর সহিংস আক্রমনের ঘটনার তীব্র নিন্দা করেছেন। বিক্ষোভের সামনের সারিতে থাকা ছাত্রদের উদ্দেশ্যে মহম্মদ ইউনুস আবেদন জানিয়েছেন যে, তারা যাতে সেদেশের সকল হিন্দু, খ্রিষ্টান এবং বৌদ্ধ পরিবারগুলোকে রক্ষা করেন। এদিকে, রাষ্ট্রসংঘের উপ মুখপাত্র ফারহান হকও সংখ্যালঘুদের উপর এই আক্রমনের ঘটনার নিন্দা করেন।

**********************

**NEET-PG :**

২০২৪ সালের নিট-পিজি প্রবেশিকা পরীক্ষা গতকাল সম্পন্ন হয়েছে। দু লক্ষেরও বেশি পরীক্ষার্থী এই প্রবেশিকা পরীক্ষায় বসেছে। উল্লেখ্য, এবছরের গত জুন মাসে এই পরীক্ষাটি স্থগিত রাখা হয়েছিল।

---

**Sports killa footbal :**

নেশাদ্রব্যের  বিরুদ্ধে সচেতনতা বাড়ানোর উদ্দেশে কিল্লায় জয়িং কামি মিনি স্টেডিয়ামে ফুটবল প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। গতকাল প্রতিযোগিতায় জয়িং কামি দল ২ -০ গোলে রইরুপা কামি দলকে পরাজিত করেছে। এই জয়ে কোয়ার্টার ফাইনালে  উঠেছে জয়িং কামি দল। দলের পক্ষে রমেশ জমাতিয়া এবং বাসলাং জমাতিয়া একটি করে গোল করেন।

*****************

Weather:

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি পর্যায়ের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় গোমতী দক্ষিন ও সিপাহীজলা জেলায় বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর।

*******************

********************